MAR. 30 2001

তারিখ ...........................
পৃষ্ঠা ...৩... কলাম ...৮......

দৈনিক ইনকিলাব

# ১৬ এপ্রিলের পূর্বে তৃতীয় শ্রেণীর শিক্ষকদের বেতন দেয়ার দাবী

## –শিক্ষক-কর্মচারী ঐক্যজোট

প্রেস বিজ্ঞপ্তি ঃ শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দ এসএসসি পরীক্ষা নকলমুক্ত করার লক্ষ্যে গৃহীত শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন এবং এক্ষেত্রে ব্যর্থতার জন্য শিক্ষামন্ত্রীর অপসারণ দাবী করেছেন। গতকাল প্রদত্ত এক বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, মন্ত্রণালয়ের সিদ্ধান্তের প্রতি বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে অনেক ছাত্র-ছাত্রী নিজ নিজ কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে। আবার সুউচ্চ প্রাচীর নেই এমন স্কুলকেও পরীক্ষা কেন্দ্র নির্বাচন করা হয়েছে। নেতৃবৃন্দ বলেন, সিদ্ধান্তের অবমাননা করে পরীক্ষা কেন্দ্র স্থাপনের পেছনে অসৎ উদ্দেশ্য দেশবাসী জানতে চায়। নেতৃবৃন্দ দায়ী কর্মকর্তাদেরও শাস্তি দাবী করেছেন।

বিবৃতিতে স্বাক্ষর করেছেন অধ্যাপক এম শরিফুল ইসলাম, মোহাম্মদ সেলিম ভুঁইয়া, প্রিন্সিপাল ইসহাক হোসেন, মোহাম্মদ আলী প্রমুখ।

নেতৃবৃন্দ অপর এক বিবৃতিতে সরকারী প্রজ্ঞাপন জারি সত্ত্বেও মার্চ মাসের এমপিওতে তৃতীয় বিভাগধারী শিক্ষকদের নাম অন্তর্ভুক্ত না হওয়ায় তীব্র ক্ষোভ প্রকাশ করেন।